15

ভোরের কাগজ

তারিখ OCT. 23 1999
পৃষ্ঠা 2 কলাম 8

# আজ থেকে শুরু হচ্ছে জাতীয় শিক্ষা জরিপ

কাগজ প্রতিবেদক : আজ শনিবার থেকে সারা দেশে শুরু হচ্ছে জাতীয় শিক্ষা জরিপ। মাঠ পর্যায়ে ১৫ দিনের এই জরিপ কার্য পরিচালনা করছে শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)। শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন এবং শিক্ষা প্রতিষ্ঠানের সঠিক তথ্য নিরূপণের জন্য ইউএনডিপির আওতাধীন ইএমআইএম প্রকল্পের অধীনে ১ কোটি ৭৭ লাখ টাকা ব্যয়ে এই জরিপ অনুষ্ঠিত হতে যাচ্ছে।

শিক্ষা সচিব কাজী রকিবউদ্দীন আহমদ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের কাছে জরিপে যথাযথ সহযোগিতা করার নির্দেশ দিয়ে চিঠি পাঠিয়েছেন।

OF ___ SHEETS